

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৪৯

১/ বিবিধ

আরবী

كان يعجبه أن يفطر على الرطب ما دام الرطب، وعلى التمر إذا لم يكن رطب، ويختم بهن، ويجعلهن وترا ثلاثا أوخمسا أوسبعا
ضعيف جدا

رواه أبو بكر الشافعي في " الفوائد " (105 / 1) ومن طريقه الخطيب في تاريخه (3 / 354) : حدثنا أبو بكر محمد بن هارون بن عيسى الأزدي - سنة ست وسبعين (وفي التاريخ: وتسعين) ومائتين - : حدثني الحكم بن موسى
حدثنا محمد بن سلمة الحراني عن الفزاري عن محمد بن المنكر عن جابر بن عبد الله مرفوعا

قلت: وهذا سند ضعيف جدا، وعلته الفزاري هذا، واسمه محمد بن عبيد الله العرزمي، وهو متروك، كما في " التقريب ". وشيخ أبي بكر الشافعي فيه ضعف، قال الخطيب: " حدث أحاديث مستقيمة، وقال الدارقطني: ليس بالقوي ". قلت: ويستدرك هذا على: " الميزان "، و" الذيل عليه "، و" لسانه "، فإنهم لم يوردوه. والحديث أخرجه ابن عدي (281 / 2) من طريق محمد بن سلمة به، وقال: " ومحمد بن سلمة الحراني في عامة ما يروي عن محمد بن عبيد الله العرزمي يقول: " عن الفزاري "، فيكني عنه ولا يسميه لضعفه، وأحيانا يسميه وينسبه ". وقال: حديث غير محفوظ، والعرزمي عامة رواياته غير محفوظة

১৭৪৯। কাঁচা খেজুর থাকলে কাঁচা খেজুর দিয়ে আর কাঁচা খেজুর না থাকলে খেজুর দিয়ে ইফতার করা তাকে আশ্চর্যান্বিত করত এবং ইফতার শেষ করতেন খেজুর দ্বারাই এবং তিনি বিজোড় হিসেবে তিনটি অথবা পাঁচটি অথবা সাতটি খেজুর গ্রহণ করতেন।

হাদীসটি খুবই দুর্বল।

হাদিসটিকে আবু বকর শাফেঈ "আলফাওয়াইদ" গ্রন্থে (১/১০৫) এবং তার সূত্রে খাতীব বাগদাদী "আততারীখ" গ্রন্থে (৩/৩৫৪) আবু বকর মুহাম্মাদ ইবনু হারুন ইবনু ঈসা আযদী হতে, তিনি হাকাম ইবনু মূসা হতে, তিনি মুহাম্মাদ ইবনু সালামাহ হাররানী হতে, তিনি ফাযারী হতে, তিনি মুহাম্মাদ ইবনুল মুনকাদির হতে, তিনি জাবের ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এর সমস্যা হচ্ছে এ ফাযারী। তার নাম মুহাম্মাদ ইবনু ওবাইদুল্লাহ আরযামী। তিনি মাত্রক যেমনটি হাফিয ইবনু হাজারের "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

আর আবু বাকর শাফেঈর শাইখের মধ্যে দুর্বলতা রয়েছে। খাতীব বাগদাদী বলেনঃ তিনি কতিপয় সঠিক হাদীস বর্ণনা করেছেন। আর দারাকুতনী বলেনঃ তিনি শক্তিশালী নন।

আমি (আলবানী) বলছিঃ তিনি যে শক্তিশালী নন তাই বুঝা যায় "আলমীযান" "আযযাইলু আলাইহি" এবং "আললিসান" গ্রন্থ হতে কারণ তারা তাকে উল্লেখ করেননি।

হাদীসটিকে ইবনু আদী (২/২৮১) মুহাম্মাদ ইবনু সালামাহ সূত্রে বর্ণনা করে বলেছেনঃ মুহাম্মাদ ইবনু সালামাহ হাররানী- মুহাম্মাদ ইবনু ওবাইদুল্লাহ আরযামী হতে তার অধিকাংশ বর্ণনার ক্ষেত্রে বলেছেনঃ 'ফাযারী হতে'। তিনি দুর্বল হওয়ার কারণে তার নাম (মুহাম্মাদ ইবনু ওবাইদুল্লাহ) উল্লেখ করেননি। আবার কখনও কখনও তার নাম উল্লেখ করে বংশ পরিচয় দিয়েছেন। ইবনু আদী বলেনঃ হাদীসটি নিরাপদ নয়। আর আরযামীর অধিকাংশ বর্ণনা নিরাপদ নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72632>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন